

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 31-01-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের মধ্য দিয়ে আজ সংসদের বাজেট অধিবেশন শুরু হয়েছে । অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আগামীকাল সংসদে ২০২৫-২০২৬ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন ।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নের ফলেই বর্তমানে রাজ্যে নিউরো সহ বিভিন্ন জটিল অপারেশন করা সম্ভব হচ্ছে।
- (৩) ৩৮তম উত্তর-পূর্ব ভারত আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় যুব তরঙ্গ উৎসব আজ শেষ হয়েছে ।
- (৪) ৩৮তম জাতীয় গেমসের এখনো পর্যন্ত ৯টি স্বর্ণপদক নিয়ে মণিপুর পদক তালিকার শীর্ষে রয়েছে।

Budget Session-President :

সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের মধ্য দিয়ে আজ সংসদের বাজেট অধিবেশন শুরু হয়েছে। লোকসভা ও রাজ্যসভায় দেশের উন্নয়নে প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত ডঃ মনমোহন সিং, হরিয়ানার প্রাক্তন মুখ্যমন্ত্রী, ওম প্রকাশ চৌতাল এবং অন্যান্য তিনজন প্রাক্তন সদস্যকে শ্রদ্ধা জানানো হয়।

রাষ্ট্রপতি তাঁর ভাষণে বলেছেন যে বিশ্বব্যাপী অস্থিতিশীলতার মধ্যে, ভারত অর্থনৈতিক, সামাজিক এবং রাজনৈতিক স্থিতিশীলতার স্তম্ভ হিসাবে আবির্ভূত হয়ে বিশ্বের কাছে একটি উদাহরণ স্থাপন করেছে। তিনি আত্মবিশ্বাস ব্যক্ত করেন যে দেশের ভবিষ্যত প্রজন্ম ২০৪৭ সালের মধ্যে একটি উন্নততর শক্তিশালী, সক্ষম এবং সমৃদ্ধ ভারত প্রত্যক্ষ করবে।

রাষ্ট্রপতি বলেন, তাঁর সরকার দেশের উন্নয়নে এবং সংস্কার, সম্পাদন এবং রূপান্তরের স্বপ্ন নিয়ে জনগণের কল্যাণ নিশ্চিত করতে অভূতপূর্ব গতিতে কাজ করেছে। তিনি বলেন যে মূলধন ব্যয় বাজেটে রেকর্ড ১১লক্ষ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে যা ১০বছর আগে মাত্র দুই লক্ষ কোটি টাকা ছিল। তিনি বলেন, দেশ মেক ইন ইন্ডিয়া থেকে মেক ফর দ্য ওয়ার্ল্ড এগিয়ে যাচ্ছে যা কর্মসংস্থানের সুযোগ তৈরি করেছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার চতুর্থ পর্যায়ের ২৫ হাজার বসতিকে সংযুক্ত করতে সরকার ৭০ হাজার কোটি টাকা মঞ্জুর করেছে। তিনি বলেন, দেশে মেট্রো নেটওয়ার্ক সম্প্রসারণে ব্যাপক কাজ করা হয়েছে। তিনি দেশে রেলওয়ের উন্নয়নের উল্লেখ করে বলেন, এখন কাশ্মীর থেকে কন্যাকুমারী পর্যন্ত রেললাইনের মাধ্যমে দেশকে সংযুক্ত করা হবে।

তিনি বলেন, সরকার কৃষকদের আয় দ্বিগুণ এবং কৃষিজাত পণ্যের উপযুক্ত দাম দেওয়ার লক্ষ্যে একটি আধুনিক ও স্বনির্ভর কৃষি ব্যবস্থা গড়ে তুলতে কাজ করেছে। রাষ্ট্রপতি বলেন, সরকার দেশের সীমান্ত রক্ষা ও অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করতে ঐতিহাসিক পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি বলেন, সরকার ওয়ান নেশন-ওয়ান ইলেকশন এবং ওয়াকফ আইন সংশোধনের মতো গুরুত্বপূর্ণ বিষয়েও দ্রুত অগ্রগতি করেছে। তিনি বলেন, SVAMITVA প্রকল্পের অধীনে এ পর্যন্ত দুই কোটি ২৫লক্ষেরও বেশি সম্পত্তি কার্ড ইস্যু করা হয়েছে। তিনি বলেন, সারা দেশে তিন কোটি অতিরিক্ত পরিবারকে নতুন বাড়ি দেওয়ার জন্য

প্রধানমন্ত্রী আবাস যোজনা প্রসারিত করা হয়েছে। তিনি আয়ুষ্সহান ভারত প্রকল্পের অধীনে, ছয় কোটি প্রবীণ নাগরিকদের স্বাস্থ্য বীমা এবং পাঁচ কোটি আদিবাসীদের কল্যাণে ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযানের কথাও উল্লেখ করেন। রাষ্ট্রপতি বলেন, উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের পাশাপাশি সরকার সর্বাত্মক উন্নয়ন নিশ্চিত করতে পূর্বোদয়ের কর্মপরিকল্পনা নিয়ে কাজ শুরু করেছে। সরকারি কর্মচারীদের কল্যাণে অষ্টম বেতন কমিশন গঠনের কথা উল্লেখ করেন তিনি। তিনি বলেন, জাতীয় শিক্ষানীতির আওতায় শিক্ষার্থীদের আধুনিক শিক্ষার ব্যবস্থা করা হচ্ছে। তিনি বলেন, সরকার নারী নেতৃত্বাধীন উন্নয়নের লক্ষ্য নিয়ে কাজ করছে।

রাষ্ট্রপতি বলেন, সরকার সামাজিক ন্যায়বিচার ও সমতার হাতিয়ার হিসেবে ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করেছে।

রাষ্ট্রপতি বলেন যে কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে ইন্ডিয়া এআই মিশন শুরু হয়েছে। রাষ্ট্রপতি বলেন, সরকার 'সবুজ ভবিষ্যত' ও 'সবুজ চাকরি' তৈরির স্বপ্ন নিয়ে এগিয়ে যাচ্ছে। তিনি বলেন, ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগাওয়াট অজীবাত্ম জ্বালানি শক্তি সক্ষমতার লক্ষ্যমাত্রা অর্জনে বেশ কিছু বড় সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

#####Byte-President#####

রাষ্ট্রপতি অলিম্পিক এবং প্যারা অলিম্পিকে ভারতীয় ক্রীড়াবিদদের কৃতিত্বের উল্লেখ করে বলেন, সরকার দেশে বিশ্বমানের ক্রীড়া পরিকাঠামো তৈরিতে উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে। প্রয়াগরাজে মহাকুস্ত সম্পর্কে রাষ্ট্রপতি বলেন, এই উৎসব দেশের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য এবং সামাজিক বন্ধনকে তুলে ধরে।

PM-Budget :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আস্থা প্রকাশ করেছেন যে সংসদের বাজেট অধিবেশন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য অর্জনে নতুন আস্থা ও শক্তি যোগাবে। তিনি বলেন, এটি অত্যন্ত গর্বের বিষয় যে ভারত একটি গণতান্ত্রিক জাতি হিসাবে ৭৫ বছর পূর্ণ করেছে এবং বিশ্বব্যাপী নিজেকে প্রতিষ্ঠিত করেছে। প্রধানমন্ত্রী বলেন নারী শক্তির মান পুনঃপ্রতিষ্ঠিত করতে, এই অধিবেশনে অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হবে। তিনি বলেন, সংস্কার, সম্পাদন এবং রূপান্তরের মাধ্যমে উন্নয়নের গতি অর্জন করতে রাজ্য এবং কেন্দ্রীয় সরকারকে একসাথে কাজ করতে হবে।

#####Byte-PM#####

Budget :

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আগামীকাল সংসদে ২০২৫-২০২৬ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন। এই পূর্ণাঙ্গ বাজেটের দিকে তাকিয়ে আছেন সব স্তরের জনগণ। আকাশবাণীর সংবাদ বিভাগের সঙ্গে সাক্ষাৎকারে এবারের বাজেট প্রত্যাশা নিয়ে অভিমত জানান ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপিকা পারমিতা সাহা।

#####Byte-Prof. Paramita Saha#####

রাজ্য স্বাস্থ্য পরিষেবায় কেন্দ্রীয় বাজেটে বরাদ্দ বৃদ্ধির প্রত্যাশা করছেন ডা: কনক চৌধুরী।

#####Byte-Dr. Kanak Chowdhury#####

আগামীকালের কেন্দ্রীয় বাজেটে ব্যবসা বাণিজ্য ক্ষেত্রেও কিছু সুবিধা পাওয়া যাবে বলে প্রত্যাশা করেছেন ত্রিপুরা হোলসেল গ্রোসারী মার্চেন্ট এসোসিয়েশনের সাধারণ সম্পাদক তমাল পাল।

#####Byte-Tamal Paul#####

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

North East Institute of Nursing Science-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নের ফলেই বর্তমানে রাজ্যে নিউরো সহ বিভিন্ন জটিল অপারেশন এবং সফলভাবে কিডনি প্রতিস্থাপনের পর লিভার সহ বিভিন্ন অঙ্গ প্রতিস্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এরফলে আগামীদিনে রাজ্যের স্বাস্থ্য পরিষেবার মান আরও বৃদ্ধি পাবে। আজ পশ্চিম জেলার আমতলি বাইপাস সংলগ্ন নর্থ-ইস্ট ইনস্টিটিউট অব নার্সিং সায়েন্সের নতুন অ্যাকাডেমিক ভবন ও ছাত্রীআবাসের উদ্বোধন করে তিনি একথা বলেন।

তিনি বলেন, যেকোন স্বাস্থ্য প্রতিষ্ঠানে স্বাস্থ্য পরিষেবা প্রদানে নার্সদের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। তাই নার্সদের রোগী ও রোগীর পরিবারের সঙ্গে ভালো সম্পর্ক স্থাপনের উপর বিশেষ গুরুত্ব দিতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, ২৫০ কোটি টাকা ব্যয়ে আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জিবিপিতে সুপার স্পেশালিটি ব্লক

তৈরি করা হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক মীনারাণী সরকার এবং ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দীপক শর্মা পদ্মশ্রী চিত্তরঞ্জন মহারাজ, নর্থ-ইস্ট ইনস্টিটিউট অব নার্সিং সায়েন্সের চেয়ারম্যান ডা. পার্থ প্রতিম সাহা।

Economic Survey :

অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ সংসদে ২০২৪-২৫ সালের অর্থনৈতিক সমীক্ষা পেশ করেছেন। সমীক্ষা অনুযায়ী ২০২৫ সালে ভারতের প্রকৃত জিডিপি ৬.৪ শতাংশ বৃদ্ধি পাবে বলে অনুমান করা হচ্ছে। সমীক্ষায় বলা হয়েছে যে দেশে কৃষি ও পরিষেবা ক্ষেত্র দ্বারা সমর্থিত স্থির অর্থনৈতিক প্রবৃদ্ধি দেখা গেছে। এতে উল্লেখ করা হয়েছে যে রেকর্ড খরিফ উৎপাদন এবং অনুকূল কৃষি পরিস্থিতির পাশাপাশি গ্রামীণ চাহিদার উন্নতি হচ্ছে।

CPIM-Press Meet :

সিপিআইএম এর তিন দিনব্যাপী ২৪তম রাজ্য সম্মেলন আজ শেষ হয়েছে। দলের রাজ্য সম্পাদক হিসাবে জিতেন্দ্র চৌধুরী পুনরায় নির্বাচিত হয়েছেন। শ্রী চৌধুরী জানান, ১৪ জনকে নিয়ে সম্পাদকমন্ডলী গঠিত হয়েছে। তিনি অভিযোগ করেন এবারের সম্মেলন নানা বাধা-বিপত্তির মধ্য দিয়ে করতে হয়েছে। মোট ৬১ জনকে নিয়ে নতুন রাজ্য কমিটি গঠিত হয়েছে। কমিটিতে দুইজনকে বিশেষ আমন্ত্রিত সদস্য এবং আট জনকে স্থায়ী আমন্ত্রিত সদস্য হিসেবে রাখা হয়েছে। এবারের রাজ্য সম্মেলনে ৪১৪ জন প্রতিনিধি অংশ নেন। সম্মেলনে নয়টি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

PM Surya Ghar Free Electricity Yojna :

ভারত সরকারের নবায়ন এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রকের আমন্ত্রণ এবং ব্যবস্থাপনায় পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনায় রাজ্যের ৮ জন সুবিধাভোগী গত ২৬শে জানুয়ারি প্রজাতন্ত্র দিবসে নয়াদিল্লিতে কর্তব্যপথে বিশেষ অতিথি রূপে অংশ নেন। ঐদিন রাষ্ট্রপতি ভবনে রাজ্যের পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনায় সুবিধাভোগী অজয় ভূষণ পাল নৈশ ভোজে আপ্যায়িত হন। কর্তব্য পথের অনুষ্ঠানে উত্তর পূর্বাঞ্চলের মধ্যে শুধুমাত্র অসম, মনিপুর এবং ত্রিপুরা এই বিরল সম্মান পেয়েছে। এই অনুষ্ঠানে গোটা দেশ থেকে মোট ৪১৮ জন সূর্য ঘর সুবিধাভোগী অংশ নিয়েছেন। সুবিধাভোগীদের সঙ্গে এই অনুষ্ঠানে অংশ নেন যোজনার নোডাল অফিসার তথা রাজ্য বিদ্যুৎ নিগমের ডিজিএম সুজাতা সরকার।

Taranga Utsab :

#####Sound-Byte#####

জাতীয় যুব উৎসবের অঙ্গ হিসাবে অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটির আয়োজিত পাঁচ দিন ব্যাপী ৩৮তম উত্তর-পূর্ব ভারত আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় যুব তরঙ্গ উৎসব আজ শেষ হয়েছে। পশ্চিম জেলার কামালঘাটস্থিত ইকফাই বিশ্ববিদ্যালয়ে আয়োজিত সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটির পর্যবেক্ষক ড. বালা লাক্ষেন্দ্র, কার্যকরী পর্যবেক্ষক দীপক মিশ্র, ইকফাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. বিপ্লব হালদার, রেজিস্ট্রার এ রঞ্জনাথন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ড. বালা লাক্ষেন্দ্র বলেন এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে ছাত্রছাত্রীদের শিক্ষা, সংস্কৃতি ও বিভিন্ন গবেষণাধর্মী কাজের প্রতিভার বিকাশ ঘটবে। পরস্পরের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো মজবুত হবে। তিনি ছাত্রছাত্রীদের নিয়মিত পাঠ্যভাস ও শরীরচর্চার ওপর গুরুত্ব আরোপ করেন। ইকফাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ বিপ্লব হালদার বলেন পাঁচদিন ব্যাপী এই অনুষ্ঠানে ২২টি বিশ্ববিদ্যালয়

থেকে আসা ৮০৮ জন ছাত্রছাত্রী নাচ, গান, নাটক ইত্যাদি ২৮টি বিভাগে প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। এই প্রতিযোগিতায় বিজয়ীরা জাতীয় যুব উৎসবে অংশ গ্রহনের সুযোগ পাবে। আজ সমাপ্তি অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। অনুষ্ঠান শেষে বিজয়ী ছাত্রছাত্রীদের হাতে পুরস্কার ও শংসাপত্র তুলে দেওয়া হয়। প্রতিযোগিতায় সর্বক্ষেত্রে সাফল্যের নিরিখে চ্যাম্পিয়ন হয়েছে গুয়াহাটি বিশ্ববিদ্যালয়। উল্লেখ্য গত ২৭শে জানুয়ারি এই উৎসবের উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু।

National Games :

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের চতুর্থ দিনে শেষ খবর পর্যন্ত মোট ৬২টি স্বর্ণপদকের ফয়সালা হয়েছে। এরমধ্যে ৯টি স্বর্ণপদক নিয়ে মণিপুর পদক তালিকার শীর্ষে রয়েছে। সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড দ্বিতীয় স্থানে এবং মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে। মণিপুরের এস. বিন্দ্যারানী দেবী ভালোতোলনে নতুন জাতীয় রেকর্ড গড়ে স্বর্ণ পদক পান। ট্রায়াথলনে মহারাষ্ট্র মোট ছয়টি পদক দখল করে। উসূতে স্বাগতিক উত্তরাখণ্ড পায় ছয়টি পদক। ভারোত্তোলনে দুটি স্বর্ণ পদক ছিনিয়ে চমক দেয় ছত্তিসগড়।
